



# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

কর্মী ব্যবস্থাপনা বিভাগ

ফোন : ০৭২১-৮৬২৪৪৫

ফ্যাক্স : ০৭২১-৮৬২৪৪৫

ই-মেইল-dgmpd@rakub.org.bd

ওয়েবসাইট- www.rakub.org.bd

সার্কুলার লেটার নং-প্রকা/কব্যবি-৪/২০১৭

তারিখ : ১১-০৪-২০১৭

বিষয়: রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরী নীতিমালা, ২০১৬ বাস্তবায়ন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে কর্মী ব্যবস্থাপনা বিভাগের ৩১-০১-২০১৭ তারিখের সার্কুলার নম্বর প্রকা/কব্যবি-০১/২০১৭ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরী নীতিমালা, ২০১৬ বাস্তবায়নের ক্ষেত্রে কিছু অসুবিধার সম্মুখীন হওয়ায় তা নিরসনের লক্ষ্যে ২৩-০৩-২০১৭ তারিখে অনুষ্ঠিত সিনিয়র ম্যানেজমেন্ট টিমের (এসএমটি) সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

- ১) চাকুরীতে যোগদানের তারিখের ভিত্তিতে সকল কর্মকর্তা-কর্মচারীর জ্যেষ্ঠতা নির্ধারণ করে জ্যেষ্ঠতমদের পর্যায়ক্রমে শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুর করতে হবে।
- ২) মাসিক ভিত্তিতে প্রাপ্ত আবেদনসমূহ তালিকাভুক্ত করে জ্যেষ্ঠ কর্মকর্তা-কর্মচারীগণকে (পিআরএল আসন্ন কর্মকর্তা-কর্মচারী ব্যতিত) পর্যায়ক্রমে শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুর করতে হবে।
- ৩) আবেদনপত্র সময়মত প্রাপ্তি অথবা সুপারিশকৃত সময়ে ছুটি মঞ্জুর করা সম্ভব না হলে আবেদনকারীর নিকট হতে পুনরায় আবেদনপত্র গ্রহণ না করে মঞ্জুরকারী কর্তৃপক্ষ ব্যাংকের জন্য সুবিধাজনক সময়ে ছুটি মঞ্জুর করতে পারবেন। তবে ১৬ ডিসেম্বর হতে ১৫ জানুয়ারী এবং ১৬ জুন হতে ১৫ জুলাই সময়কালে শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর না করার বিষয়টি (পিআরএল ব্যতিত) বিবেচনায় রাখতে হবে।
- ৪) জোনাল/শাখা ব্যবস্থাপক অথবা অন্য কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরীর সুপারিশকালে সংশ্লিষ্ট কর্মকর্তার ছুটিকালীন সময়ে শাখা/কার্যালয়ের দায়িত্ব (প্রয়োজ্য ক্ষেত্রে আর্থিক, ব্যবসায়িক ও প্রশাসনিক ক্ষমতা) কে পালন করবেন নিয়ন্ত্রণকারী কর্মকর্তাকে তার নাম, পদবী ও কর্মস্থল উল্লেখ করতে হবে।
- ৫) শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরী কর্তৃপক্ষ যথাক্রমে প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, জোনাল কার্যালয়, প্রশিক্ষণ ইনস্টিটিউট, স্থানীয় মুখ্য কার্যালয় ও ঢাকা কর্পোরেট শাখা হওয়ায় একই শাখা/কার্যালয়/বিভাগে একই সাথে অনধিক ২ (দুই) জন কর্মকর্তা-কর্মচারীর ছুটি মঞ্জুরীর ক্ষেত্রে উল্লিখিত অফিসসমূহের সাথে সমন্বয় করতে হবে।
- ৬) ২০১৬-২০১৭ অর্থবছরে কর্মী কল্যাণ খাতে বরাদ্দকৃত বাজেটে শ্রান্তি বিনোদন ভাতা হিসেবে আলাদাভাবে অনুমোদন নাই। ইতোমধ্যে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ কর্তৃক কর্মী কল্যাণ খাতের উপ-খাত শ্রান্তি বিনোদন ভাতা (Recreation Allowances) নামে ১৩৩/৬ ই উপ-খাত সৃষ্টি করা হয়েছে। বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগ ২০১৬-২০১৭ অর্থবছরের সংশোধিত বাজেটে কর্মী কল্যাণ খাতে শ্রান্তি বিনোদন ভাতা (Recreation Allowances) উপ-খাত (১৩৩/৬ ই) অন্তর্ভুক্ত করে এ উপ-খাতে পৃথক বাজেট বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৩। শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরকারী কর্তৃপক্ষকে উপরোক্ত সিদ্ধান্তের আলোকে শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরীর অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

(মোঃ মোয়াজ্জেম হোসেন)

উপ-মহাব্যবস্থাপক

প্রকা/কব্যবি-৭/২০১৬-২০১৭/ ২০১৬ (৪৪৭)

তারিখ : ১১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
- ১০। প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
- ১১। সহকারী মহাব্যবস্থাপক, বুকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১২। ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ১৩। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৪। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৫। অফিস নথি।

(রণজিৎ কুমার সেন)  
সহকারী মহাব্যবস্থাপক